

# যুগান্তর

## ছাত্রীদের উত্ত্যক্তের প্রতিবাদ করায় শিক্ষককে মারধর

👤 নবীনগর দক্ষিণ (ব্রাহ্মণবাড়িয়া) প্রতিনিধি

🕒 ২৭ আগস্ট ২০২২, ১৭:২৫:০৪ | [অনলাইন সংস্করণ](#)



প্রতীকী ছবি

ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরে ছাত্রীদের উত্ত্যক্তের প্রতিবাদ করায় এক শিক্ষকের ওপর হামলা চালিয়েছে বখাটেরা। আহত ওই শিক্ষকের নাম মো. শামীম রেজা। তিনি উপজেলার নারায়ণপুর ডিএস কামিল মাদ্রাসার সহকারী শিক্ষক।

শুক্রবার রাতে নিজ বাসায় যাওয়ার পথে এ ঘটনা ঘটে। আহত অবস্থায় ওই শিক্ষককে রাতেই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে চিকিৎসক তাকে উন্নত চিকিৎসার জন্য ব্রাহ্মণবাড়িয়া সদর হাসপাতালে রেফার্ড করেন।

এ ঘটনায় ওই শিক্ষক বাদী হয়ে নারায়ণপুর গ্রামের মতি মিয়ার ছেলে বখাটে রাসেল মিয়াকে (২৮) প্রধান আসামি করে চারজনের বিরুদ্ধে থানায় একটি মামলা করেছেন।

সূত্র জানায়, দীর্ঘদিন ধরে মাদ্রাসার ছাত্রীদের আসা যাওয়ার পথে উত্ত্যক্ত করে আসছে

অস্ত্র নিয়ে তার ওপর অতর্কিত হামলা করে।

এ ব্যাপারে নারায়ণপুর ডিএস কামিল মাদ্রাসার অধ্যক্ষ রফিকুল ইসলাম জানান, বিষয়টি নিয়ে শনিবার ম্যানেজিং কমিটির বৈঠক হয়েছে। বখাটেদের দ্রুত আইনের আওতায় আনার দাবি জানানো হয়।

নবীনগর থানার ওসি আমিনুর রশিদ বলেন, এ ঘটনায় মামলা হয়েছে। দ্রুত এ বিষয়ে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

---

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: [jugantor.mail@gmail.com](mailto:jugantor.mail@gmail.com)

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2022